

মলদ্বীপে সংসদ নির্বাচন

মলদ্বীপ সরকারের নিদ্ধারিত ২২ মার্চ তারিখে সংসদ নির্বাচন অনুষ্ঠিত করার অঙ্গীকার প্রকাশ করার সিদ্ধান্ত আমরা স্বাগত জানাচ্ছি।

মলদ্বীপের গণতান্ত্রিক পরিকল্পনা ও প্রতিষ্ঠান শক্তিশালী করার জন্য ভারত নিরন্তর সহযোগিতা করে আসছে। এই প্রেক্ষাপটে, মলদ্বীপের নির্বাচন কমিশনের চেয়ারপার্সন ও উপচেয়ারপার্সনকে তাঁদের পদ থেকে অপসারণ করা এবং চেয়ারপার্সনের কারাদণ্ড মূলতুবি রাখার ঘটনা ভারত সরকার গভীর উদ্বেগের সংগে লক্ষ্য করছে।

মলদ্বীপের নিকট প্রতিবেশি বন্ধু দেশ হিসাবে ভারত সেখানকার সব রাজনৈতিক দল ও প্রতিষ্ঠানের কাছে আইনের শাসন ও মলদ্বীপের সংবিধানের প্রতি দায়বদ্ধতা প্রকাশের জন্য আবেদন করছে। আমরা আশা করছি, মলদ্বীপের নির্বাচন কমিশন সুরক্ষিত ও শক্তিশালী হবে এবং জনসাধারণের আকাঙ্ক্ষা প্রতিফলিত হওয়ার জন্য অবাধ, নিরপেক্ষ ও বিশ্বস্ব্যনীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

১২ মার্চ ২০১৪